

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
কুলাউড়া, মৌলভীবাজার  
[dss.kulaura.moulvibazar.gov.bd](http://dss.kulaura.moulvibazar.gov.bd)

স্মারক নং - ৪১.০১.৫৮৬৫.০০০.০২.০০৮.২৪ / ৪১

তারিখ : ২২.০২.২০২৪খ্রি:


**বিষয়ঃ- ২০২৩-২৪ অর্থ বছরের চা শ্রমিকদের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত "চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচীর" আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে চা শ্রমিকদের মাঝে নগদ অর্থ সহায়তা ইএফটির (ইলেকট্রিক ফান্ড ট্রান্সফার) এর মাধ্যমে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা করে সহায়তা প্রদান করা হইবে। ফলে আপনার চা বাগান হইতে .....জন চা শ্রমিকের নামের তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক **আগামী ০৩/০৩/২০২৪ ইং** তারিখের মধ্যে আবশ্যিকভাবে অত্র কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে আপনাকে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	চা শ্রমিকের নাম	পিতা/স্বামীর নাম	এনআইডি	চা শ্রমিকের ধরণ (স্থায়ী/অস্থায়ী)	জন্ম তারিখ	বিকাশ নং	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

**শর্তাবলীঃ-**

- ১। বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী বা অন্য ভাতা প্রাপ্ত সুবিধা ভোগীর নাম অন্তর্ভুক্ত করা যাবে না।
- ২। বিগত অর্থ বছরে যারা আর্থিক অনুদান পেয়েছেন তাদের নাম অন্তর্ভুক্ত করা যাবে না।
- ৩। সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান এর সাথে সমন্বয় করে তালিকা তৈরী করতে হবে।
- ৪। চা শ্রমিকদের জাতীয় পরিচয় পত্রের ফটোকপির সাথে নতুন বিকাশ নাম্বার খুলে তালিকার সাথে সংযুক্ত করতে হবে।
- ৫। কোনভাবেই হাতের লিখা তালিকা গ্রহন করা হবে না।
- ৬। নির্ধারিত তারিখের মধ্যে তালিকা দিতে ব্যর্থতার জন্য এবং বিকাশ নাম্বারের কারণে কাহারো নাম বাদ পড়িলে অত্র কার্যালয় কোন দায় দায়িত্ব নেবে না।
- ৭। সচল সঠিক বিকাশ নাম্বার দিতে বিশেষভাবে অনুরোধ করা হলো এবং পূর্বে ব্যবহৃত বিকাশ নাম্বার দেওয়া যাবে না।

  
(২২.০২.২০২৪)  
( প্রানেশ চন্দ্র বর্মা )  
উপজেলা সমাজসেবা অফিসার  
কুলাউড়া, মৌলভীবাজার  
ইমেইল - [ussokulaurau@gmail.com](mailto:ussokulaurau@gmail.com)

.....  
.....

কুলাউড়া, মৌলভীবাজার।

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১. মাননীয় সংসদ সদস্য, মৌলভীবাজার - ২
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলাউড়া, মৌলভীবাজার।
৩. উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার।
৪. উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার।
৫. অফিস নথি।